

AKASHVANI (Kolkata)

Regional News Unit

Date : 02-01-2025

Desk in Charge :

Time : 7.50 P.M.

Compiling :

Opening Announcement আকাশবাণী, খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবরঃ-

১/ সীমান্তে নিরাপত্তার দায়িত্বে থাকা সীমান্তরক্ষী বাহিনী- BSF'ই, রাজ্যে অনুপ্রবেশে সাহায্য করছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন।

এদিকে, মুখ্যমন্ত্রী ভোট ব্যাংকের স্বার্থেই বাংলাদেশি অনুপ্রবেশকে মদত দিচ্ছেন, বলে কেন্দ্রীয় মন্ত্রী বিজেপি নেতা গিরিরাজ সিং-এর দাবী।

২/ রাজ্যে প্রাথমিক স্তরে সেমিস্টার ভিত্তিক মূল্যায়ন এখনই চালু হচ্ছে না।

৩/ মালদার ইংরেজবাজার পুরসভার কাউন্সিলার, জেলা তৃণমূল কংগ্রেস সহ-সভাপতি দুলালচন্দ্র সরকারের খুনের ঘটনায় পুলিশ দুজনকে গ্রেপ্তার করেছে।

৪/ পণ্যের মান নিয়ে সচেতনতার প্রসারে সাইন্স সিটিতে আজ আয়োজন করা হয় মানক কার্নিভাল-এর।

৫/ চিত্র পরিচালক অরুণ রায় প্রয়াত।

৬/ আট দিন ব্যাপী বাংলা সঙ্গীতমেলায় আজ সুচনা হয়েছে।

৭/ রাজ্য সরকার, সন্তোষ ট্রফি জয়ী বাংলার ফুটবল দলের সব খেলোয়াড়কেই চাকরী দেবে।

সীমান্তে নিরাপত্তার দায়িত্বে থাকা সীমান্তরক্ষী বাহিনী- BSF'ই, রাজ্যে অনুপ্রবেশে সাহায্য করছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি অভিযোগ করেছেন।

তিনি আজ নবান্নে প্রশাসনিক বৈঠকে বলেন, BSF-এর সঙ্গে রাজ্য পুলিশের একাংশের মদতে মালদা, নদীয়া দিয়ে এধরণের অনুপ্রবেশ ঘটানো হচ্ছে। সীমান্ত পেরিয়ে দুষ্কৃতীরা খুন করে পালিয়ে যাচ্ছে।

রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রকে এর আগে অনুপ্রবেশ নিয়ে বেশ কয়েকবার চিঠি পাঠানো হলেও তার উত্তর পাওয়া যায়নি বলে মুখ্যমন্ত্রীর দাবি। তিনি আরো একটি চিঠি দেবেন বলে জানিয়েছেন।

(বাইট- মমতা- BSF)

বৈঠকে, উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহ-র অভিযোগের ভিত্তিতে মুখ্যমন্ত্রী কোচবিহারে দিল্লি পুলিশ কিভাবে পরিযায়ী শ্রমিকদের তথ্য যাচাই করছে, জেলা পুলিশ সুপারের কাছে তা' জানতে চান। সন্তোষজনক উত্তর না মেলায় পুলিশ সুপারকে ভৎসনাও করেন মমতা।

এদিকে, মুখ্যমন্ত্রী ভোট ব্যাংকের স্বার্থে বাংলাদেশি অনুপ্রবেশকে মদত দিচ্ছেন, আর এখন অনুপ্রবেশ নিয়ে কুস্তীরাশ্রু দেখাচ্ছেন বলে কেন্দ্রীয় বঙ্গমন্ত্রী, বর্ষীয়ান বিজেপি নেতা গিরিরাজ সিং মন্তব্য করেছেন।

বিএসএফ বাংলাদেশ থেকে এরা জ্যে অনুপ্রবেশ করাচ্ছে বলে মুখ্যমন্ত্রী যে অভিযোগ করেছেন তার প্রেক্ষিতে গিরিরাজ সিং আজ পাণ্টা প্রশ্ন তোলেন, অনুপ্রবেশ নিয়ে এত উদ্বিগ্ন হলে মুখ্যমন্ত্রী রাজ্যে সিএএ বলবৎ করছেন না কেন।

চোরাপথে বাংলাদেশে ফেরার আগে উত্তর ২৪ পরগণার গাইঘাটা থেকে ধৃত প্রতিবেশী ঐ দেশের দুই মহিলাকে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়েছে। এদের আজ বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে বিচারক এই নির্দেশ দেন।

গতকাল দুপুরে কাহানকিয়া এলাকায় একটি শিশু সমেত ঐ দুই মহিলাকে ঘোরাঘুরি করতে দেখে পুলিশের সন্দেহ হয়। এরপরই তাদের আটক করে গাইঘাটা থানায় নিয়ে গিয়ে জিজ্ঞাসাবাদ করে জানা যায়, বাংলাদেশের নরাইল জেলার বাসিন্দা রুনা খাতুন ও হাসিনা বেগম কাজের উদ্দেশে মুম্বাই গিয়েছিল। কোনো বৈধ কাগজপত্রও দেখাতে পারেনি তারা।

জমি জবর দখল রুখতে স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তীর নেতৃত্বে রাজ্য সরকার একটি বিশেষজ্ঞ কমিটি তৈরির সিদ্ধান্ত নিয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ নবান্ন সভাঘরে প্রশাসনিক বৈঠকে এই বিষয়ে পুলিশের ভূমিকায় তীব্র ক্ষোভ প্রকাশ করে বলেন, যেখানেই জমি উদ্ধার করা হচ্ছে পুনরায় তা দখল হয়ে যাচ্ছে। তিনি বলেন, যে সময়ে জবর দখলের ঘটনা ঘটবে তখন প্রশাসনিক স্তরে যিনি দায়িত্বে থাকবেন এখন থেকে তাদেরকে জিজ্ঞাসাবাদ করা হবে।

মালদার ইংরেজবাজার পুরসভার কাউন্সিলার, জেলা তৃণমূল কংগ্রেস সহ-সভাপতি দুলালচন্দ্র সরকার ওরফে বাবলার খুনের ঘটনায় পুলিশ দুজনকে গ্রেপ্তার করেছে। এদের মধ্যে একজনের বাড়ি বিহার ও অন্যজন স্থানীয় বাসিন্দা। ধৃতদের জেরা করা হচ্ছে বলে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম সাংবাদিকদের জানান। মুখ্যমন্ত্রীর নির্দেশে তিনি আজ মালদা গেছেন। মেডিক্যাল কলেজ হাসপাতালে নিহত তৃণমূল কংগ্রেস নেতাকে শেষ শ্রদ্ধা জানিয়ে ফিরহাদ বলেন-

(বাইট- ফিরহাদ)

অন্যদিকে, উত্তর মালদার বিজেপি সাংসদ খগেন মুর্মু'ও আজ খবর পেয়ে মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে ছুটে যান।

আগেই জানানো হয়েছে, আজ সকালে ঝলঝলিয়ার কাছে নিজের কারখানার সামনে কাছে দাঁড়িয়েছিলেন দুলাল। মুখ ঢাকা অবস্থায় তিন দুষ্কৃতী বাইকে এসে তাঁকে লক্ষ্য করে কয়েক রাউন্ড গুলি ছোঁড়ে। তাঁর শরীরে তিনটি গুলি লাগে। সঙ্কটজনক অবস্থায় মালদা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হলে সেখানেই তাঁর মৃত্যু হয়।

এদিকে, এই ঘটনায় দোষীদের উপযুক্ত শাস্তির ব্যবস্থা করা হবে বলে দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। একই হাভেলে তিনি এই ঘটনায় গভীর শোক প্রকাশ করে মৃতের পরিবারের প্রতি সমবেদনা জানান। দুলাল সরকারের খুনের ঘটনায় মুখ্যমন্ত্রী পুলিশের ভূমিকার সমালোচনা করেছেন। নবান্নে আজ প্রশাসনিক বৈঠকের ফাঁকে তিনি বলেন, আগে ওই নেতাকে নিরাপত্তা দেওয়া হলেও পরে তা তুলে নেওয়া হয়।

(মমতা- দুলাল খুন)

অন্যদিকে, বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার বলেছেন, তৃণমূল কংগ্রেসের অন্তর্দ্বন্দ্বের ফলেই এই ঘটনা।

(বাইট- সুকান্ত)

বিজেপি নেত্রী লকেট চট্টোপাধ্যায় বলেছেন, তৃণমূল কংগ্রেসের নিজেদের মধ্যে লড়াই, ক্ষমতা ও টাকার বখরা নিয়ে কোন্দলের জেরেই এই ঘটনা। জলপাইগুড়িতে আজ তিনি সাংবাদিকদের বলেন, এরাজ্য এখন বোমা, পিস্তল, গুলির কারখানা হয়ে গেছে। বাইরে থেকে এখানে অস্ত্র আসছে। জঙ্গী গোষ্ঠীর সঙ্গে যোগসাজশ রয়েছে, এমন বহু লোক পশ্চিমবঙ্গে আস্তানা গেড়ে আছে। রাজ্যে মহিলাদের ওপর যেভাবে অত্যাচারের ঘটনা বেড়েই চলেছে, তা' রুখতে না পারলে সামনে আরো ভয়ঙ্কর দিন আসছে।

রাজ্যে প্রাথমিক স্তরে সেমিস্টার ভিত্তিক মূল্যায়ন এখনই চালু হচ্ছে না মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি নবান্নে আজ প্রশাসনিক বৈঠকে স্পষ্ট জানান, তাঁকে না জানিয়েই এই

সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই কারণে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুকে ভর্ৎসনা করেন তিনি। সংবাদমাধ্যমে এসংক্রান্ত প্রকাশিত খবর সম্পর্কে অসন্তোষ ব্যক্ত করে মুখ্যমন্ত্রী জানান, নতুন কোনো নীতি চালু করতে হলে সরকারের সঙ্গে আলোচনা করে নিতে হবে। সরকার শিশুদের পড়াশোনার ভার লাঘবের পক্ষপাতী।

শিক্ষানুরাগী ঐক্যমঞ্চ প্রাথমিকে সেমেস্টার ভিত্তিক মূল্যায়ন চালুর বিরোধিতা করেছে। মঞ্চের সাধারণ সম্পাদক কিঙ্কর অধিকারী বলেন, সম্পূর্ণ অবৈজ্ঞানিক, ভিত্তিহীন, পরিকল্পনা বহির্ভূতভাবে এই সেমেস্টার পদ্ধতি ঘোষণা করা হয়েছিল। কিন্তু সেমেস্টার প্রথা নয়, শিক্ষা ব্যবস্থা আরো উন্নত করে তুলতে, প্রতিটি বিদ্যালয়ে উপযুক্ত শিক্ষাকর্মী, কম্পিউটার, আকর্ষণীয় সিলেবাস এবং উন্নতমানের শিক্ষা পদ্ধতির প্রয়োজন। তবেই সরকারি শিক্ষা ব্যবস্থা বাঁচবে বলে তাঁর দাবী।

পূর্ব কলকাতার সায়েন্স সিটিতে আজ ভারত সরকারের উপভোজ্য বিষয়ক, খাদ্য, গণ বন্টন মন্ত্রকের অন্তর্গত ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস এর উদ্যোগে ‘মানক কার্নিভাল’ ২০২৫ অনুষ্ঠিত হয়। এই মানক কার্নিভালের মধ্য দিয়ে দেশের পণ্যের গুণমান নির্ধারণ বিষয়কে সামনে রেখে এই কার্নিভালের আয়োজন। পণ্যের মান নিয়ে সচেতনতা প্রসারে স্কুল পড়ুয়াদের মাধ্যমেও যাতে পণ্যের মান সম্পর্কে সমাজে ধারণা তৈরি করা যায় সেজন্য সচেতনতা প্রসারে স্কুল পড়ুয়াদের ও মানব কার্নিভালে যুক্ত করা হয়েছে। PM শ্রী কেন্দ্রীয় বিদ্যালয় ফোর্ট উইলিয়াম ,কেন্দ্রীয় বিদ্যালয় সাঁতরাগাছি, কেন্দ্রীয় বিদ্যালয় বামন গাছি র স্কুল পড়ুয়াদের পাশাপাশি অন্যান্য স্কুল পড়ুয়ারা ও এই মানক কার্নিভালে অংশ নেয়। ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস কলকাতা শাখার অধিকর্তা সব্যসাচী ধর বলেন ,পণ্যের মান নিয়ে সচেতনতা তৈরি করাই মানক কার্নিভালের মূল লক্ষ্য।

৬৫০ টি পণ্য আইএসআই মার্ক লাগানো বাধ্যতামূলক করা হয়েছে বলে শ্রীধর জানিয়েছেন। তবে পণ্যের বাধ্যতামূলক এই সংখ্যা পর্যায়ক্রমে আরো বাড়ানো হবে বলে তিনি জানান।

মালদা মেডিক্যাল কলেজের প্রসূতি বিভাগে আজ আগুন লাগলে, রোগী ও তাঁদের পরিজনদের মধ্যে আতঙ্ক ছড়ায়। প্রসূতি ও সদ্যজাতদের সরিয়ে দেওয়া হয়। দমকলের একটি ইঞ্জিন আগুন নিয়ন্ত্রণে আনে। বড় রকমের ক্ষয়ক্ষতি বা হতাহতের কোনো খবর নেই। শর্ট সার্কিট থেকেই এই অগ্নিকাণ্ড বলে প্রাথমিকভাবে অনুমান।

বক্সা ব্যাঘ্র প্রকল্পে আজ সকালে হাতি তাড়াতে গিয়ে এক বনকর্মীর মৃত্যু হয়েছে। হ্যামিলটন রেঞ্জের ওই বনকর্মীর নাম মদন দেওয়ান। কালচিনি ও মেজপাড়া চা বাগানের সীমানায় সাত-আটটি হাতির একটি দল বেড়িয়েছিল। সেটিকে তাড়াতে গিয়ে দলছুট একটি হাতির হামলায় ওই বনকর্মী প্রাণ হারান বলে জানা গেছে।

এদিকে, কাকদ্বীপের হুগলী নদীর তীরে আজ দুপুরে একটি বিশালাকৃতি তিমি মাছ দেখে গ্রামবাসীদের মধ্যে উত্তেজনা ছড়ায়। মধুসূদনপুর গ্রাম পঞ্চায়েতের ৬'নম্বর লক্ষ্মীপুর এলাকার মৎস্যজীবীরা প্রথমে তিমিটিকে দেখতে পান। খবর ছড়িয়ে পড়তেই সেটি দেখার জন্য হুড়োহুড়ি পড়ে যায়। পরে জনা ১৫ মিলে তিমিটিকে নদীর দিকে সরিয়ে দিলে, সেটি আবার জলে চলে যায়। পথভুলে দলছুট হয়ে তিমিটি গভীর সমুদ্র থেকে নদীতে ঢুকে পরে বলে অনুমান।

আট দিনব্যাপী বাংলা সংগীত মেলার সূচনা হল আজ। রবীন্দ্রসদন, শিশির মঞ্চ, একতারা মুক্ত মঞ্চ, রবীন্দ্র সদন প্রাঙ্গন দক্ষিণে মধুসূদন মঞ্চ এবং দেশপ্রিয় পার্ক সহ ১১ টি জায়গায় এবার এই সংগীত মেলা অনুষ্ঠিত হচ্ছে। কণ্ঠ ও যন্ত্রসংগীত মিলিয়ে সারা রাজ্যের চার হাজার শিল্পী এবারের মেলায় অংশ নিচ্ছেন। রাজ্য সরকার আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতায় স্থানাধিকারী রাও সংগীত মেলায় সুযোগ পাচ্ছেন।

পিপলস লিটল থিয়েটার পি এল টি র অন্যতম স্থপতি, অভিনেত্রী শোভা সেনের জন্ম শতবার্ষিকী উদযাপনের সমাপ্তি অনুষ্ঠান শুরু হবে এমাসের আট তারিখে।

"শোভাশতক" শিরোনামে শিল্পী কে শ্রদ্ধা জানাতে তপন থিয়েটারে তাঁর অভিনীত, ভগিনী নিবেদিতা, মা ও পদ্মা নদীর মাঝি এই তিনটি সিনেমা দেখানো হবে। এছাড়াও মুক্তাঙ্গন রঙ্গালয়ে পি এল টি প্রযোজিত , কালো পাঁচালী, ফেনিল, দেশে ফেরা এবং শিল্পী এই চারটি নাটক মঞ্চস্থ করা হবে। কলকাতা দূরদর্শনের সহযোগিতায় তাঁর সম্পর্কিত দুটি ভিডিও প্রদর্শিত হবে একাডেমি অফ ফাইন আর্টসে ১১ ও ১২ই জানুয়ারি।

চিত্র পরিচালক অরুণ রায় প্রয়াত। ফুসফুসে সংক্রমণজনিত অসুখে তিনি আজ আরজিকর হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। বয়স হয়েছিল ৫৩ বছর। এক বছর আগে তাঁর ক্যান্সার ধরা পড়ে। আজই কেওড়াতলা মহাশ্মশানে তার শেষকৃত্য সম্পন্ন হয়। চলচ্চিত্র জগতের অন্যদের সঙ্গে উপস্থিত ছিলেন অভিনেতা দেব ও রঞ্জিনী।

অরুণ রায়ের নির্মিত ছবিগুলির মধ্যে উল্লেখযোগ্য- বাঘাযতীন, হীরালাল, বিনয় বাদল দীনেশ ।

রাজ্য সরকার সন্তোষ ট্রফি জয়ী বাংলার ফুটবল দলের সব খেলোয়ারকে চাকরি দেবে। ক্রিড়া দফতরেই তাদের চাকরি দেওয়া হবে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ঘোষণা করেছেন। তাদের বিশেষ আর্থিক প্যাকেজও দেওয়া হবে। নবান্নে আজ ট্রফি জয়ী দলের সদস্যদের পাশাপাশি কোচ সঞ্জয় সেনকেও সংবর্ধনা দেন মুখ্যমন্ত্রী। তিনি বলেন, কোচ সঞ্জয়বাবুর নেতৃত্বে বাংলার ফুটবল দল ভারতসেরা হয়েছে যা সকলের কাছে গর্বের। আগামীদিনে আরও ভাল প্রশিক্ষণ পেলে তারা আরও উন্নতি করতে পারবে। এমনকি পরবর্তী কালে ওই ফুটবলার রা বিশ্বকাপ খেলারও যোগ্যতা অর্জন করতে পারবে বলে তিনি মন্তব্য করেন।

আই এস এল ফুটবল ম্যাচে যুব ভারতী ক্রীড়াঙ্গণে মোহনবাগান সুপার জায়েন্ট আজ
হায়দ্রাবাদ এফ সি-র মুখোমুখি হয়েছে। শেষ খবর পাওয়া পর্যন্ত মোহনবাগান এক-শূণ্য
গোলে এগিয়ে।
